

সিপিআই(এম) ত্রিপুরা রাজ্য সম্পাদকমন্ডলীর পক্ষ থেকে
নিম্নলিখিত বিবৃতি দেওয়া হয়েছে :

তারিখ- ৩০-১১-২০১৮

রাজ্যে অবাধ, শান্তিপূর্ণ পরিবেশে পৌর সংস্থাগুলোর উপনির্বাচন অনুষ্ঠানের জন্য বামফ্রন্ট, সিপিআই(এম)-র পক্ষ থেকে রাজ্য নির্বাচন কমিশন, রাজ্য পুলিশের মহানির্দেশকের কাছে দাবি জানানো হলেও শাসকদল বিজেপি আশ্রিত দুর্বৃত্তরা হিংস্র সন্ত্রাসমূলক আক্রমণ অব্যাহত রেখেছে।

গতকাল সন্ধ্যার পর বিজেপি সশস্ত্র দুর্বৃত্তরা তেলিয়ামুড়ায় সিপিআই(এম) মহকুমা কমিটি সদস্য দীপক দাসের বাড়ি আক্রমণ করে স্বামী-স্ত্রী উভয়কে প্রচণ্ড মারপিট করে। দীপক দাসের পা এবং তার স্ত্রীর হাত ভেঙ্গে যায়। তাদের দুজনকেই মহকুমা হাসপাতাল থেকে জি.বি. হাসপাতালে পাঠানো হয়।

বিজেপি'র দুর্বৃত্তরা পার্টির তেলিয়ামুড়া লোক্যাল কমিটি সদস্য টোটন দেবের বাড়িতে হামলা করে ব্যাপক ভাঙচুর করে। লোক্যাল কমিটি সম্পাদক সুবীর সেনের বাড়ি আক্রমণের চেষ্টা করে।

পুর উপনির্বাচনে বামফ্রন্ট যাতে প্রার্থী দিতে না পারে তার জন্য ব্যাপক ভীতি ও আতঙ্ক সৃষ্টির লক্ষ্যেই এই আক্রমণ সংগঠিত করা হয়েছে।

গতকাল জিরানীয়ায় এস ডি এম অফিসের অভ্যন্তরে সিপিআই(এম)র একজন মহিলা প্রার্থীকে তফশিলী জাতির শংসাপত্র সংগ্রহে বাধা দেয়া হয়েছে।

রাজ্য সম্পাদকমন্ডলী এইসব হিংস্র আক্রমণ ও সন্ত্রাসের তীব্র প্রতিবাদ করছে। আক্রমণে জড়িত দুর্বৃত্তদের অবিলম্বে গ্রেপ্তার ও কঠোর শাস্তি দাবি করছে। ভয় মুক্ত পরিবেশ সৃষ্টির জন্য রাজ্য নির্বাচন কমিশন এবং আরক্ষা কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছে।

২ সিনিয়র দাস

সিপিআই(এম), ত্রিপুরা রাজ্য সম্পাদকমন্ডলীর পক্ষ

প্রতি

বার্তা সম্পাদক/সংবাদ প্রতিনিধি

, আগরতলা

বিবৃতিটি প্রচার/প্রকাশের জন্য পাঠানো হলো।